



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার নং -১৭

০৬ সেপ্টেম্বর ২০২৬
তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

‘ই-পেমেন্ট ক্রেডিট’ সুবিধা চালুকরণ প্রসঙ্গে

সাম্প্রতিক সময়ে ইন্টারনেট, মোবাইল নেটওয়ার্ক ও ডিজিটাল ডিভাইসের ব্যবহার দ্রুত সম্প্রসারিত হওয়ায় বাংলাদেশে প্রযুক্তিভিত্তিক ব্যাংকিং ও অনলাইন আর্থিক লেনদেনের ব্যবহার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। এ ধরনের সেবা লেনদেন সহজীকরণ, আর্থিক স্বাক্ষরতা বৃদ্ধি ও আর্থিক অন্তর্ভুক্তিকরণের মাধ্যমে গ্রাহকের জীবনমান উন্নয়ন এবং ক্যাশলেস সমাজ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বিভিন্ন সময় সাময়িক তারল্য সংকটের কারণে গ্রাহক তার দৈনন্দিন প্রয়োজনীয় বিভিন্ন খরচ যেমন- ইউটিলিটি বিল, মোবাইল রিচার্জ, শিক্ষা সংক্রান্ত ফি, স্বাস্থ্যসেবা সংক্রান্ত ব্যয়, আমানতের কিস্তি, বীমা প্রিমিয়াম, টোল/টিকেট সংক্রান্ত খরচ, কর ও অন্যান্য সরকারি সেবার ফি এবং অনুরূপ নানাবিধ অপরিহার্য পরিষেবার দায় সঠিক সময়ে পরিশোধ করতে সক্ষম হয় না। ফলশ্রুতিতে, গ্রাহকগণ অতি প্রয়োজনীয় সেবা গ্রহণে বিলম্বিত হওয়া ও আর্থিক জরিমানার পাশাপাশি অন্যান্য অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সম্মুখীন হতে পারেন।

২। সাময়িক তারল্য সংকটজনিত সমস্যা সমাধানের মাধ্যমে গ্রাহকের পুনরাবৃত্তিমূলক দায় সঠিক সময়ে পরিশোধ নিশ্চিতকরণ এবং ডিজিটাল লেনদেনের দায়িত্বশীল ব্যবহার উৎসাহিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক সুদের পরিবর্তে ফি-ভিত্তিক, তাৎক্ষণিক ও সম্পূর্ণ ডিজিটাল ‘ই-পেমেন্ট ক্রেডিট’ সুবিধা প্রবর্তন করেছে। এ ঋণ সুবিধা অনুমোদিত ডিজিটাল পেমেন্টের মাধ্যমে অনূর্ধ্ব টাকা ১০,০০০ পর্যন্ত বিভিন্ন ধরনের সেবার দায় নিষ্পত্তির লক্ষ্যে ব্যবহার করা যাবে। ‘ই-পেমেন্ট ক্রেডিট’ সুবিধা বাণিজ্যিকভাবে চালুর নিমিত্ত নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ জারি করা হলো:

- ক) ‘ই-পেমেন্ট ক্রেডিট’ সুবিধার আওতায় (i) ইউটিলিটি বিল, (ii) মোবাইল রিচার্জ, (iii) শিক্ষা সংক্রান্ত ফি, (iv) স্বাস্থ্যসেবা সংক্রান্ত ব্যয়, (v) টোল/টিকেট সংক্রান্ত খরচ, (vi) ট্যাক্সসহ বিবিধ সরকারি ফি, (vii) আমানতের কিস্তি, (viii) বীমা প্রিমিয়াম ও (ix) বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত অন্যান্য ব্যয় বা ফি প্রাপক প্রতিষ্ঠানের হিসাবে সরাসরি পরিশোধের জন্য ঋণ প্রদান করা যাবে;
- খ) এ ঋণের সীমা, মেয়াদ ও প্রযোজ্য সর্বোচ্চ ফি নিম্নোক্ত সারণী মোতাবেক নির্ধারিত হবে:

সারণী-১: ‘ই-পেমেন্ট ক্রেডিট’ ঋণসীমা ও ফি’র পরিমাণ (বাংলাদেশি টাকায়)

ঋণের সীমা	সর্বোচ্চ ফি		
	৭ দিন	১৫ দিন	৩০ দিন
৫০ - ২৫০	৩	৪	৬
২৫১ - ৫০০	৫	৮	১৫
৫০১ - ১০০০	৭	১২	২০
১০০১ - ২০০০	১০	২০	৩০
২০০১ - ৩০০০	১৫	৩০	৫০
৩০০১ - ৫০০০	২০	৪০	৭০
৫০০১-৭০০০	২৫	৫০	৯০
৭০০১-১০০০০	৩৫	৭০	১৩০

- গ) এ ঋণের মূল অর্থ ও প্রযোজ্য ফি বিতরণের তারিখ হতে ৮ম, ১৬তম অথবা ৩১তম দিনে সম্পূর্ণরূপে আদায় করতে হবে;
- ঘ) এ ঋণ কেবল নির্ধারিত সেবা প্রদানকারীর অনুকূলে অনুমোদিত ডিজিটাল চ্যানেলের মাধ্যমে সরাসরি পরিশোধের জন্য ব্যবহার করতে হবে। উক্ত ঋণের অর্থ নগদ টাকায় রূপান্তর করা যাবে না, গ্রাহকের ওয়ালেটে এ্যাড মানি কিংবা কোনো হিসাবে স্থানান্তর করা যাবে না;
- ঙ) এ ঋণ সুবিধা consumer finance সহ অনুচ্ছেদ ২(ক) এ নির্ধারিত ক্ষেত্র ব্যতীত অন্য কোনো খাতের জন্য প্রযোজ্য হবে না;
- চ) এ ঋণ সংশ্লিষ্ট যাবতীয় কার্যক্রম ব্যাংকের অনুমোদিত এ্যাপের মাধ্যমে end-to-end ডিজিটাল পদ্ধতিতে সম্পন্ন করতে হবে;
- ছ) এ ঋণের আবেদনে সরাসরি স্বাক্ষর (wet signature) গ্রহণের পরিবর্তে ডিজিটাল ব্যবস্থায় গ্রাহকের সম্মতি গ্রহণ করতে হবে;
- জ) গ্রাহক নির্ধারিত তারিখের পূর্বে যেকোনো সময় ঋণ পরিশোধ করতে পারবে। নির্ধারিত মেয়াদে কিংবা মেয়াদপূর্তির পূর্বে গ্রাহক কর্তৃক ঋণ পরিশোধ করা হলে সারণী-১ এ উল্লিখিত ফি ব্যতীত, অতিরিক্ত ফি/সুদ, প্রি-পেমেন্ট, early settlement fee, ফোরক্লোজার বা অনুরূপ কোন ফি অন্য যে নামেই অভিহিত হোক না কেন, আরোপ করা যাবে না;
- ঝ) গ্রাহক নির্ধারিত তারিখের মধ্যে প্রযোজ্য সার্ভিস ফিসহ বকেয়া ঋণ পরিশোধে ব্যর্থ হলে, অতিরিক্ত মেয়াদের জন্য দৈনিক ভিত্তিতে জরিমানা/ফি আদায় করা যাবে। তবে শর্ত থাকে যে, অতিরিক্ত দিনের উপর আরোপিত জরিমানা/ফি কোনোভাবেই ৩০ দিন মেয়াদী উক্ত ঋণসীমার জন্য প্রযোজ্য দৈনিক ফি'র অধিক হবে না। হিসাবায়নে অনুসৃত পদ্ধতি: মোট অতিরিক্ত ফি/জরিমানা = দৈনিক প্রযোজ্য ফি'র পরিমাণ * মেয়াদোত্তীর্ণ দিনের সংখ্যা = (গ্রাহকের গৃহীত ঋণসীমায় ৩০দিন মেয়াদের ক্ষেত্রে প্রযোজ্য ফি'র পরিমাণ/৩০ দিন) * মেয়াদোত্তীর্ণ দিনের সংখ্যা;
- ঞ) এ ঋণ শ্রেণিকরণ, প্রভিশন সংরক্ষণ, অবলোপন, হিসাবায়ন পদ্ধতি, গ্রাহক সুরক্ষা এবং অন্যান্য ফ্রডেন্সিয়াল বাধ্যবাধকতা সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত সার্কুলারসহ অন্যান্য নীতিমালা অনুসরণ করতে হবে;
- ট) এ ঋণ শ্রেণিকৃত হলে, ব্যাংক প্রয়োজনবোধে প্রচলিত পদ্ধতিতে সরাসরি পরিদর্শনসহ আইনগত প্রক্রিয়ার মাধ্যমে ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে পারবে;
- ঠ) গ্রাহকের সম্মতি গ্রহণের পূর্বে 'ই-পেমেন্ট ক্রেডিট' এর প্রকৃতি, ঋণ ও ফি এর পরিমাণ, মেয়াদ, পরিশোধ পদ্ধতিসহ সকল গুরুত্বপূর্ণ শর্তাবলী যথাযথভাবে গ্রাহককে অবহিত করতে হবে। পাশাপাশি, গ্রাহক পর্যায়ে আর্থিক সচেতনতা বৃদ্ধিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- ড) এ ঋণ মঞ্জুরী করার ক্ষেত্রে Application Programming Interface (API) ভিত্তিক স্বয়ংক্রিয় সিআইবি সিস্টেম পূর্ণাঙ্গরূপে (২৪/৭) চালু না হওয়া পর্যন্ত তাৎক্ষণিকভাবে সিআইবি অনুসন্ধানের বাধ্যবাধকতা সাময়িকভাবে শিথিল থাকবে, তবে ঋণ অনুমোদন/বিতরণের পর অনতিবিলম্বে সিআইবি অনুসন্ধান প্রতিবেদন সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে;
- ঢ) কোনো খেলাপী ঋণ গ্রহীতা তথ্য গোপনপূর্বক ঋণ গ্রহণ করে থাকলে সিআইবি অনুসন্ধান প্রতিবেদন বিরূপ পাওয়া মাত্র উক্ত ঋণ দ্রুততম সময়ের মধ্যে সমন্বয় করতে হবে;
- ণ) এ ঋণের ক্ষেত্রে সিআইবি অনুসন্ধান বাবদ গ্রাহকের উপর কোনরূপ চার্জ আরোপ করা যাবে না;
- ত) ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ২৭(কক) ধারার বিধান মোতাবেক খেলাপি ঋণগ্রহীতা যাতে পুনরায় ঋণ না পায় সে ব্যাপারে ব্যাংক যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে;
- থ) ব্যাংক কর্তৃক গ্রাহকের গৃহীত সকল ঋণের শ্রেণিমান সম্পর্কে এবং অন্যান্য ব্যাংক হতে 'ই-পেমেন্ট ক্রেডিট' সুবিধা গ্রহণ করেছে কিনা এ সম্পর্কিত হ্যাঁ/না সূচক ডিজিটাল ঘোষণাপত্র গ্রহণ করতে হবে। পরবর্তী অনুসন্ধান গ্রাহকের সম্মতিপত্র মিথ্যা প্রমাণিত হলে উক্ত গ্রাহকের বিরুদ্ধে আর্থিক/অনার্থিক জরিমানা/শাস্তি আরোপের বিধান Product Program Guidelines (PPG) তে যুক্ত করতে হবে;

- দ) পরিচালনা পর্ষদ অনুমোদিত নীতিমালার আওতায় ব্যাংক কর্তৃক বিকল্প ডিজিটাল ক্রেডিট স্কোরিং মডেল ব্যবহার এবং ঝুঁকিভিত্তিক ক্রেডিট সীমা নির্ধারণ করতে হবে;
- ধ) ব্যাংক কর্তৃক অনুমোদিত ডিজিটাল চ্যানেলের মাধ্যমে গ্রাহকের নিবন্ধনকৃত মোবাইল নম্বর ব্যবহার করে গ্রাহকের অনবোর্ডিং সম্পন্ন করা যাবে। গ্রাহকের নিবন্ধিত নম্বরে ওটিপি (One Time Password-OTP) প্রেরণসহ Two-factor authentication (2FA), Multi-factor authentication (MFA) অথবা ব্যাংক কর্তৃক অনুমোদিত অন্য কোনো নিরাপদ ব্যবস্থা ব্যবহার করে গ্রাহকের পরিচয় সম্পর্কে নিশ্চিত হতে হবে;
- ন) বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিধান পরিপালন সাপেক্ষে ব্যাংক তৃতীয় পক্ষ যেমন- মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) প্রোভাইডার, পেমেন্ট সার্ভিস প্রোভাইডার (পিএসপি), পেমেন্ট সিস্টেম অপারেটর (পিএসও) এবং অন্যান্য ফিনটেক কোম্পানির সেবা সরবরাহ চ্যানেল ব্যবহার করতে পারবে;
- প) ক্লাউড কম্পিউটিং ও সাইবার সিকিউরিটি সংক্রান্ত নির্দেশনা যথাযথ পরিপালনপূর্বক গ্রাহক ও ঋণ-সংক্রান্ত তথ্য বাংলাদেশের ভৌগোলিক সীমারেখার অভ্যন্তরে অবস্থিত ডেটা ওয়্যারহাউজে সংরক্ষণ করতে হবে এবং তথ্যের গোপনীয়তা ও নিরাপত্তা রক্ষায় বাংলাদেশ ব্যাংক ও সরকার কর্তৃক জারিকৃত বিধানাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে;
- ফ) এ ঋণ সুবিধা বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকের জারিকৃত প্রযোজ্য বিধি-বিধান, ঝুঁকি ব্যবস্থাপনা ও ঋণ কার্যক্রম পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা এবং প্রচলিত আইন যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- ব) এ সেবা/পণ্যের আওতায় হিসাব খোলার ক্ষেত্রে মানিলন্ডারিং (AML) ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ (CFT) বিষয়ে বিদ্যমান নীতিমালা অনুসরণ করতে হবে;
- ভ) এ ঋণ সংক্রান্ত তথ্য মাসিক ভিত্তিতে নির্ধারিত RIT টেমপ্লেটে বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগে এবং সংযুক্ত ছক (সংযোজনী-ক) মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে এ বিভাগে প্রেরণ করতে হবে; এবং
- ম) এ নির্দেশনা পরিপালনে ব্যর্থ হলে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১০৯ ধারার বিধান মোতাবেক সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে বাংলাদেশ ব্যাংক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- ৩। 'ই-পেমেন্ট ক্রেডিট' বাণিজ্যিকভাবে চালু করার পূর্বে আবশ্যিকভাবে ন্যূনতম ০৬ (ছয়) মাসের জন্য পাইলটিং ভিত্তিতে এ কার্যক্রম সম্পাদন করতে হবে। পাইলটিং বাস্তবায়নের ফলাফল মূল্যায়ন ও ইতিবাচক রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে মাঠ পর্যায়ে অভিযুক্ততা ও অংশীজনের পরামর্শের আলোকে পিপিজি চূড়ান্তকরণপূর্বক সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে বাণিজ্যিকভাবে এ ঋণ কার্যক্রম চালু করতে হবে। এই ঋণ বাণিজ্যিকভাবে চালু করার ১৫(পনের) কার্যদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ কে পাইলটিংয়ের মূল্যায়ন ও অনুমোদিত পিপিজিসহ অবহিত করতে হবে।
- ৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারার আওতায় এ নির্দেশনা জারি করা হলো।
- ৫। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি-১)

ফোনঃ ৯৫৩০২৫২

Quarterly Statement for Digital Bill Payment

Name of Bank :-----

Quarter :-----

SL	Product Name	Date of Commercial Launch of the Product	Disbursed Amount (in BDT Crore)		Outstanding Amount (in BDT Crore)	Overdue Amount (in BDT Crore)	CL (%)
			Current Quarter	Cumulative (up to Quarter)			
Total							